গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ

## জুন, ২০২২ মাসে উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আবুল কালাম আজাদ বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, নারায়ণগঞ্জ সদর
তারিখ ঃ ০৯.০৬.২০২২ খ্রিঃ
সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

**(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে স্বাক্ষরের ক্রমানুসারে সংযুক্ত করা হলো)**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা নির্বাহী অফিসার নারায়ণগঞ্জ সদর সভাপতির অনুরোধক্রমে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি গত মে/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**উন্মুক্ত আলোচনা:**

| | | | | |
|---|---|---|---|---|
| আলোচ্য বিষয়-০১ গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ঃ | ঃ | বিবরণী | ঃ | সকলকে শুভেচ্ছা জানিয়ে গত ২৫.০৫.২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চাওয়া হয়। |
| | | সিদ্ধান্ত | ঃ | আলোচনায় কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | |
| অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচ্যসূচী সম্পর্কিত বিষয়ে আলোচনা করা হয়। | | | | |
| আলোচনা-০২ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে ২৫০১ জন শিশুকে বিসিজি টিকা, পেন্টা ১ম ডোজ ২৬২৫ জন, পেন্টা ২য় ডোজ ২৬০৭ এবং পেন্টা ৩য় ডোজ ২৬১০ জন শিশুকে টিকা খাওয়ানো হয়েছে। গত মাসে ১৫-৪৯ বছর বয়সী মহিলাদের ১ম ডোজ টিটি টিকা ১৭৩৫ জন, ২য় ডোজ ১৫৩০ জন এবং ৩য় ডোজ ১৪২৯ জন ৪র্থ ডোজ ১২৭৫ জন ৫ম ডোজ ১২০৮ এবং এম আর ১ম ডোজ টিকা প্রদান করা হয়েছে ৩১২১ জনকে এর মধ্যে শিশু (পুরুষ) ১৬৭০ এবং কিশোরী ১৪৫১ জন। হাম ২য় টিকা দেয়া হয়েছে ১৮৪৫ জন শিশুকে। এছাড়া ০২ (দুই) সপ্তাহের অধিক কাশি সম্পন্ন ব্যক্তিদের কফ পরীক্ষার মাধ্যমে যক্ষা রোগী সনাক্ত করে তাদের চিকিৎসা ব্যবস্থা করা হয়। নারায়ণগঞ্জ সদর উপজেলায় ১৬ টি কমিউনিটি ক্লিনিক এর মাধ্যমে মোট ১০২৩৮ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এর মধ্যে পুরুষ ৪৩০৯ জন এবং মহিলা ৫৯৩০ জন। বর্তমানে করোনা ও ওমিক্রনের পরিমান দিন দিন বৃদ্ধি পাওয়ায় ভয়ে আতংকিত না হয়ে সুরাক্ষওয়েব সাইডে নিবন্ধন শেষে টিকা গ্রহণের বিষয়ে সবাইকে অনুরোধ জানান। |
| | | সিদ্ধান্ত | ঃ | নারায়ণগঞ্জ সদর উপজেলার সকল স্থায়ী কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ সেবা কার্যক্রম জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| আলোচনা-০৩ উপজেলা কৃষি বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা কৃষি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর সভাকে অবগত করেন যে, খরিপ-১ মৌসুম /২০২১-২০২২ অর্থ বছরে তিল ৩ হে. ভূট্টা-৪ হে. ও শাকসবজি ২২২০ হে. চূড়ান্ত আবাদ হয়েছে। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনা ও নিরাপদ ফসল আবাদ কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী প্রনোদনা, পুর্ণবাসন মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন হয়েছে। নারায়ণগঞ্জ সদর উপজেলা সারের কোন সংকট নাই। কৃষদের সেবা নিশ্চিত করতে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে বিভিন্ন ইউনিয়নের কৃষকদের ফলের চাষ, রোগ বালাই এবং বাড়ির আঙ্গিনার ক্ষুদ্র পরিষরে গাছ লাগানের বিষয়ে পরামর্শ প্রদান করাসহ দেশীয় ফলের উপকারিতা সম্পর্কে সাধারণ মানুষকে নিয়মিত পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। অধিক ফসল উৎপাদনের জন্য ঋতু ভিক্তিক বিভিন্ন ধরনের সবজি চাষের উপর উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে বিভিন্ন দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। |
| | | সিদ্ধান্ত | ঃ | অধিক উৎপাদন বৃদ্ধির জন্য পোকামাকড় ও রোগবালাই এর হাত থেকে ফসলকে রক্ষা করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ করা হয়। |
| | | বাস্তবায়ন | ঃ | উপজেলা কৃষি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা ০৪. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন ০৭ টি ইউনিয়নে ইউনিয়ন পরিবার পরিকল্পনা বিভাগের মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য সেবা ও পরিচর্যার হার নিম্নরুপ। মোট গর্ভবর্তী মায়ের সংখ্যা ২৭৬৫ জন, রেফারকৃত গর্ভবর্তী রোগীর সংখ্যা ২১ জন, গর্ভবর্তী মায়ের পরিচর্যা ৮১৮ জন, ডেলীভারী ৯০ জন, প্রসব পরবর্তী পরিচর্যা ২১৩ জন, এম আর সংখ্যা ১৫ জন এবং সাধারণ রোগীর সংখ্যা ১২০১০ জন। এছাড়া বিগত মাসে নারায়ণগঞ্জ সদর উপজেলা ৫ টি স্থায়ী ক্যাম্প এবং ৫ টি দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা প্রদান ক্যাম্পের আয়োজন করা হয়। এ ক্যাম্পগুলোর মাধ্যমে সর্বমোট ১৩৬ জন গ্রহীতার মাঝে ১৩২ জনকে এনএসভি পদ্ধতি এবং ৩৫ জন গ্রহীতাকে লাইগেশন সেবা প্রদান করাসহ ৭৩টি স্যাটেলাইট ক্লিনিক সংগঠন করা হয়েছে। এছাড়া তিনি সদর উপজেলা আওতাধীন পোষাক শিল্পে স্যাটেলাইট ক্লিনিকের জন্য পোসআর, ব্যানারসহ আইইসি দ্রব্য সামগ্রী বাধাই সরবরাহের বিষয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। |
| | | সিদ্ধান্ত | ঃ | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর অর্থায়নে প্রকল্প কমিটির মাধ্যমে উক্ত প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। তাছাড়া গর্ভবর্তী এবং প্রসূতী মায়ের সেবাসহ সাধারণ রোগীদের সেবা প্রদান কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের ধৈর্য্য সহকারে সেবা প্রদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানো। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-০৫ উপজেলা শিক্ষা বিভাগ | | আলোচনা | ঃ | উপজেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ সদর সভাকে অবগত করেন যে, উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের মধ্যে ৫টি হুইল চেয়ার, ০২টি ক্রাচ ও ০৪টি চশমা বিতরন করা হয়েছে। সদর উপজেলাধীন ৫৫টি বিদ্যালয়ের অনলাইন পরিদর্শন করা হয়েছে। উপজেলাধীন ৫৩ টি সরকারি প্রথামিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে রাউটার প্রদান করা হযেছে। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান গোল্ড কাপ ফুটবল টুনামেন্ট এবং শেখ ফজিলাতুন নেছাগোল্ড কাপ ফুটবল টুনামেন্ট/২০২২ এর ইউনিয়ন পর্যায়ে খেলা সম্পন্ন হয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। |
| | | সিদ্ধান্ত | ঃ | বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান গোল্ড কাপ ফুটবল টুনামেন্ট এবং শেখ ফজিলাতুন নেছা গোল্ড কাপ ফুটবল টুনামেন্ট এর আয়োজন সুষ্ঠ ও সুন্দরভাবে সমাপ্ত করা জন্য উপজেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ সদরকে ধন্যবাদ জানানো হয় এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। |
| | | বাস্তবায়ন | ঃ | উপজেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা -০৬ উপজেলা মৎস্য বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা মৎস্য অফিসার, নারায়ণগঞ্জ সদর সভাকে অবগত করেন যে, বার্ষিক চুক্তি সম্পাদন অনুযায়ী তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। তিনি সভাকে আরো অবগত করেন যে, নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন বিভিন্ন এলাকায় ১৭ জন মৎস্য চাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়। মৎস্যচাষীদের মাটি ও পানি পরীক্ষাক করা হয়েছে। জাটকা অভিযান অব্যাহত রাখার লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। বিভিন্ন হাট-বাজারে পরিদর্শন করে মৎস্য আইন বাস্তবায়ন করার হয়। মৎস্য চাষীদর মাঝে প্রদর্শনী বাস্তবায়নের জন্য বিভিন্ন উপকরন বিতরন করা হয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত | ঃ | জাটকা অভিযান অব্যাহত রাখা এবং জাটকা সংরক্ষণ অভিযান যথাযথভাবে বাস্তায়নের জন্য উপজেলা মৎস্য অফিসার, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা মৎস্য অফিসার, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-০৭ উপজেলা সমবায় বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি বাবদ ১,৯০,৫২০/-(এক লক্ষ নব্বইন হাজার পাঁচশত বিশ) টাকা, সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য ৯০,১৪০/-(নব্বই হাজার একশত চল্লিশ) টাকা, অডিট বরাদ্দকৃত সমিতির সংখ্যা ৩৫০ টি। গত মাসে উপজেলা পরিষদ মিলনায়তন, নারায়ণগঞ্জ সদর এ ৫০০ (পাঁচশত) জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ দেয়া হয়েছে। ১৯০ জনকে বাংলাদেশ সমবায় একাডেমীতে প্রশিক্ষনার্থীকে প্রেরণ করা হয়। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। |
| | | সিদ্ধান্ত | ঃ | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা সমবায় কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-০৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | | বিবরণী | ঃ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর সভায় অবহিত করেন যে, শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য (আইএসএএস) ফরম (ইএমআইএস) সফটওয়ারে এন্ট্রিকরণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। শিক্ষার্থীদের ইউনিক আইডি এর তথ্য আপলোডকরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। এছাড়া তিনি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে কুতুবপুর ইউনিয়নের হাজী পান্দে আলী উচ্চ বিদ্যালয় ও আহসান উদ্দিন উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষে ছাত্র ছাত্রীদের বসার জন্য লো ও হাই বেঞ্চ সরবরাহে প্রস্তাব করেন। এ বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলেঅচনা হয়। |
| | | সিদ্ধান্ত | ঃ | সভায় আলোচ্য বিষয়গুলি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয় এবং উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বর্ণিত বিদ্যালয় দুটিতে হাই-লো বেঞ্চ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-০৮ উপজেলা যুব উন্নয়ন বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন তার দপ্তরের রাজস্ব তহবিলের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ৫৪২০ ব্যক্তিকে বিভিন্ন কোর্সে আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যুব উন্নয়ন প্রকল্পের আওতায় জাতীয় যুব পুরস্কার প্রাপ্তির নিমিত্ত ১০ জন ব্যক্তির নামের প্রস্তাব জেলায় প্রেরণ করা হয়। যার মধ্যে পুরুষ ২ জন এবং মহিলা ৮ জন। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। |
| | | সিদ্ধান্ত | ঃ | আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-১০ উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | ঃ | বিবরণী | | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর সভাকে অবহিত করেন যে, মে/২০২২ মাসে বছরে গবাদী পশুকে বিভিন্ন ধরনের ২৪২৫ টি টিকা প্রদান করা হয়, হাস মুরগীর টিকা প্রদান করা হয়, ১০৮৭৩৬ টি, কৃত্তিম প্রজননের সংখ্যা ১২৩৫ টি, কৃত্তিম প্রজননে বাচ্চা উৎপাদন সংখ্যা ৩৯০ টি, গবাদী পশুর চিকিৎসা করা হয় ১৬৭২ টি, হাস- মুরগির চিকিৎসা প্রদান ৩২১০টি, পোষা প্রানিতর চিকিৎসা প্রদান সংখ্যা ৩১ টি, গবাদিপশু ও পাখির রোগ অনুসন্ধানে নমুনা প্রেরণ করা ১৫টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। |
| | | সিদ্ধান্ত | ঃ | গবাদী পশু পালনের হার বৃদ্ধির লক্ষে কাজ করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-১১ উপজেলা সমাজসেবা বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সমাজসেবা বিভাগের বয়স্কভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা, স্বামী পরিত্যাক্তা ও মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতার কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। নারায়ণগঞ্জ সদর উপজেলায় বয়স্ক ভাতা ভোগী ২০৮০২ জন, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ভোগী ৪৭০৩ জন, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ভোগীর সংখ্যা ২৪১৮ জন, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীর সংখ্যা ৬৯৭ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৩৫২ জন, দলিত, বেদে ও হরিজন বয়স্ক ভাতা ভোগীর সংখ্যা ১০ জন, দলিত, বেদে ও হরিজন শিক্ষা উপবৃত্তি ২১ জন। তাছাড়া বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রম |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (পল্লী মাতৃকেন্দ্র ও এসিডদগ্ধ ব্যক্তিদের) সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। |
| | | সিদ্ধান্ত | ঃ | সমাজসেবা দপ্তরের বিভিন্ন ভাতাদি বিতরণ কার্যক্রমে সংশ্লিষ্ট শাখার ব্যাংক ম্যানেজারদের সাথে যোগাযোগ রাখা এবং মোবাইল ব্যাংকিং সেবা সহজ করণে জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা নারায়ণগঞ্জ সদর কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, নারায়ণগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-১২ উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | ঃ | বিবরণী | ঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর সভাকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচীর আওতায় ১ম ৪৮,০০,২২৯.১৪ টাকা, ২য় পর্যায়ে ১৮,০২,১০৮.৩৮ টাকা, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে ২৭,০৮,৩৭৪.২১ টাকা বরাদ্দে বিপরীতে প্রত্যেক ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে প্রকল্প দাখিল করা হয়েছে। দাখিলকৃত প্রকল্পগুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। |
| | | সিদ্ধান্ত | ঃ | সভায় বিস্তারিত আলোচনান্তে সরেজমিনে গিয়ে দাখিলকৃত প্রকল্পগুলি পরিদর্শন করে ২০২১-২০২২ অর্থ বছরের মধ্যে কাজগুলি সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর ও ইউপি চেয়ারম্যান সকল |
| আলোচনা-১৩ উপজেলা প্রকৌশলী | ঃ | বিবরণী | ঃ | উপজেলা প্রকৌশলী, নারায়ণগঞ্জ সদর জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর মহোদয়ের নির্দেশক্রমে এবং মহোদয়ের উপস্থিতিতে উপজেলা পরিষদের আবাসিক ভবন ধলেশ্বরী ও ব্রহ্মপুত্র এবং চতুর্থ শ্রেণির আবাসিক বাসভবন করতোয়া ১-৭ পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় বাসভবনগুলো জরাজীর্ণ অবস্থায় রয়েছে যা সংস্কার বা মেরামতের অনুপযোগি। উপজেলা পরিষদের পুরাতন ধলেশ্বরী ও ব্রহ্মপুত্র নামক ভবন দুটি জরাজীর্ণ এবং সংস্কার/মেরামতের অনুপযোগি হওয়ায় ভবন ২টি পরিত্যক্ত ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বহুতল ভবন নির্মাণ করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৫ নভেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত ১৩.৫ নং সিদ্ধান্তে উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় মোতায়েনকৃত ১০ (দশ) জন আনসার সদস্যদের জন্য অস্ত্রাগার/গোলাবারুদ রাখার স্থান ও আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে উপজেলা পরিষদের চত্বরে সুবিধাজনক স্থানে (উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নিকটবর্তী) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জননিরাপত্তা বিভাগ থেকে প্রাপ্ত লে-আউট প্ল্যান মোতাবেক আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের নির্দেশনা রয়েছে। বর্ণিত নির্দেশনার আলোকে ৪র্থ শ্রেণির জরাজীর্ন বাসভবন পরিত্যক্ত ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে উক্ত স্থানে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।। |
| | | সিদ্ধান্ত | ঃ | সভায় আলোচনান্তে বর্ণিত উপজেলা পরিষদের পুরাতন আবাসিক ভবন ধলেশ্বরী ও ব্রহ্মপুত্র ও ৪র্থ শ্রেণির বাসভবন করতোয়া ১-৭ জরাজীর্ণ এবং সংস্কার/মেরামতের অনুপযোগি হওয়ায় বাসভবনগুলো পরিত্যক্ত ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ভবন ২টি স্থলে বহুতল ভবন নির্মাণ করার বিষয়ে এবং ৪র্থ শ্রেণির বাসভবনের স্থলে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের বিষয়ে উর্ধ্বতন কতৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | উপজেলা প্রকৌশলী, নারায়ণগঞ্জ সদর। |
| আলোচনা-১৪ ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | | বিবরণী | ঃ | জনাব ফাতেমা মনির, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদার জানান যে, সদর উপজেলাধীন কুতুবপুর ইউনিয়নের অর্ন্তগত আলীগঞ্জস্থ তিনটি এলাকার অধিবাসিদের চলাচলের তিনটি প্রধান রাস্তা এতই খারাপ যে, অল্প বৃষ্টির কারনে এখানে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে পড়ে। বৃষ্টির পানি যাওয়ারমত এখানে কোন ড্রেন নাই। ফলে জমে থাকা পানি রোদে শুকানো ছাড়া এই রাস্তা ব্যবহারের অনুপযোগী। উক্ত রাস্তা তিনটি যথাক্রমে (ক) কুতুবপুর ইউনিয়নের অর্ন্তগত আলীগঞ্জস্থ ওমরের বাড়ি হইতে হাজী জয়নাল আবেদীন বাড়ি পর্যন্ত ড্রেন ও কালভার্ট নির্মাণ টাকা ৯,৫১,৩১৪/- (খ) কুতুবপুর ইউনিয়নের অর্ন্তগত আলীগঞ্জস্থ আফজাল মিয়ার বাড়ি হইতে টুকু মিয়ার বাড়ি পর্যন্ত ড্রেন, কালভার্ট ও রাস্তা নির্মাণ টাকা ৭,৬৯,৩১৭/-(গ) কুতুবপুর ইউনিয়নের অর্ন্তগত আলীগঞ্জস্থ এলাকার দুখু এর বাড়ি হইতে হাজী আজির মিয়ার বাড়ি পর্যন্ত ড্রেন, কালভার্ট ও রাস্তা নির্মাণের টাকা ৭,৪৭,৯৭৮/- বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া তিনি আরোও জানান যে, কুতুবপুর ইউনিয়নের অর্ন্তগত আলীগঞ্জে অবস্থিত বাদলের বাড়ি হইতে জয়নাল আবেদীন এর বাড়ি পর্যন্ত গুরুত্বপূর্ন রাস্তাটি ময়লা আবর্জনায় ভরপুর হয়ে পরিত্যক্ত অবস্থার পরিনত হয়ে পড়েছে। এ রাস্তাটি পরিস্কার করার জন্য তিনি দুই লক্ষ টাকার একটি প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। তার প্রস্তাবের |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | | উপর বিস্তারিত আলোচনা করা হয়। |
| | সিদ্ধান্ত | ঃ | সভার আলোচনান্তে দাখিকৃত প্রকল্পগুলো বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলী, নারায়ণগঞ্জ সদরকে প্রচলিত বিধিবিধান অনুসণে করে সরেজমিনে তদন্তপূর্বক চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর এর সাথে আলোচনাক্রমে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে (ক) RFQ পদ্ধতি এবং (খ+গ) LTM পদ্ধতির এর মাধ্যমে এবং ময়লা পরিস্কারের প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | বাস্তবায়নে | ঃ | উপজেলা প্রকৌশলী, নারায়ণগঞ্জ সদর |
| আলোচনা-১৫ | বিবরণী | ঃ | উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর সভাকে অবহিত করেন যে, নারায়ণগঞ্জ সদর উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম যেমন, উপজেলা রাজস্ব তহবিল, উন্নয়ন তহবিল, বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি), স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আদায় ১%, এলজিএসপি, টি আর, কাবিখা, কাবিটার অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যাতে কোন অর্থ অপচয় না হয় সে জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রকল্প কমিটি সভাপতি, জনপ্রতিনিধিদের কাজ পরিদর্শন করে তা নির্ধারিত সময়ের বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, নারায়ণগঞ্জ সদরকে তদারকি করার জন্য অনুরো করা হয়। এছাড়া উপজেলাধীন সকল বিভাগীয় প্রধানকে তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ জানান। |
| | সিদ্ধান্ত | ঃ | সভার আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল, উন্নয়ন তহবিল ও স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আদায় ১%, এলজিএসপি, টি আর, কাবিখা, কাবিটার অর্থ দ্বারা গৃহীত প্রকল্পগুলি যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| আলোচনা-১৬ | বিবরণী | ঃ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদার জানান যে, উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ কর্তৃক প্রণীত খসড়া বাজেট নিয়ে আলোচনা করেন। প্রণীত খসড়া বাজেটের উপর সুচিন্তিত মতামত রাখার জন্য উপজেলা পরিষদের সকল সম্মানিত সদস্যদের আহবান জানান। তিনি আরোও জানান যে, সকলের সহযোগিতা, দক্ষতা, আন্তরিকতা এবং সক্রিয় অংশীদারিত্বে মাধ্যমে ২০২২-২০২৩ অর্থ বছরের এ বাজেট দ্বারা আমরা আমাদের অভিষ্ট লক্ষ্য অর্জন করতে পারবো। খসড়া বাজেটটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং খসড়া বাজেটে কোন প্রকারের সংশোধনী থাকলে তা সংশোধনের জন্য সম্মানিত সদস্যদের আহবান জানানো হয়।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর আরোও জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা ২০২০ এর ৫ (গ) ধারা মোতাবেক প্রতি অর্থ বছর শেষে রাজস্ব তহবিলে উদ্ধৃত্ত উন্নয়ন তহবিলে স্থানান্তর করার নির্দেশনা রয়েছে। বর্ণিত নির্দেশনার আলোকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে চলতি হিসাব নং ০২০০০০৪১৮৬৭০৪ এ অদ্য ০২/০৬/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত ৩,৫৫,৩১,৬৪৭/-(তিন কোটি পঞ্চান্ন লক্ষ একত্রিশ হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা জমা রয়েছে এবং ভূমি হস্তান্তর করের ১% হারে প্রাপ্ত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হিসেবে সোনালী ব্যাংক লিঃ, নারায়ণগঞ্জ এ অদ্য ০৫/০৬/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত দু'টি শাখার ব্যাংক হিসাব বিবরনী পর্যালোচনায় দেখা যায় যে, ফতুল্লা শাখার হিসাব নং-৩৬০৪০০১০১৫৫৬৭ এ ০৫/০৬/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত ১০,৬৮,৬৫,১২৮/-(দশ কোটি আটষট্টি লক্ষ পঁয়ষট্টি হাজার একশত আটাশ) টাকা এবং কর্পোরেট শাখার হিসাব নং- ৩৬১৩৭৩৩০৬২৮৯২ এ ০৬/০৬/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত ৭১,৩৮,৩৯১/-(একাত্তর লক্ষ আটত্রিশ হাজার তিনশত একানব্বই) টাকাসহ মোট ১১,৪০,০৩,৫১৯/-(এগার কোটি চল্লিশ লক্ষ তিন হাজার পাঁচশত উনিশ) টাকা জমা রয়েছে। সোনালী ব্যাংক এ জমাকৃত অর্থ হতে ১০,৫০,০০,০০০/- ( দশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা আগ্রণী ব্যাংক লিঃ, সস্তাপুর শাখায় চলতি হিসাব নং ০২০০০০৪১৮৬৭০৪ হিসাবে স্থানান্তর করা হলে এ হিসাবের মোট টাকার পরিমান হয় ১৪,০৫,৩১,৬৪৭/-(চৌদ্দ কোটি পাঁচ লক্ষ একত্রিশ হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা। ৩০ জুন, ২০২১ খ্রিঃ পর্যন্ত রাজস্ব ব্যয়ের পর অবশিষ্ট উদ্ধৃত্ত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তরকরণ এবং উপজেলা পরিষদের ২০২১-২০২২ অর্থ বছরের প্রস্তুতকৃত খসড়া বাজেটে উপজেলা পরিষদের সকল সম্মানিত সদস্যগণকে সুচিন্তিত মতামত রাখাসহ সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত | ঃ | সভায় বিস্তারিত আলোচনান্তে এ সিদ্ধান্ত গৃহীত হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উদ্ধৃত্ত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হলে ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অত্যাবশ্যকীয় ব্যয় করার মত অর্থ থাকেনা অর্থাৎ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়ের উৎস হতে প্রাপ্ত আয় যথাযথভাবে এ হিসাবে অন্তর্ভূক্ত না হওয়ায় ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উদ্ধৃত্ত ১৪,০৫,৩১,৬৪৭/-(চৌদ্দ কোটি পাঁচ লক্ষ একত্রিশ হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত রাজস্ব ব্যয়ের পর অবশিষ্ট উদ্ধৃত্ত হতে অত্যাবশ্যকীয় ব্যয় করার জন্য প্রায় ৪,৭০,৫০,০০০/- (চার কোটি সত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা রেখে সমুদয় উদ্ধৃত্ত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তরকরণ এবং উপজেলা পরিষদের প্রস্তুতকৃত খসড়া বাজেটে কোন প্রকারের সংশোধনী না থাকায় সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে বাজেটটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

৯/৬/২২

(আবুল কালাম আজাদ বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর

স্মারক নং ০৫.৪১.৬৭০৪.০০১.০১৩.০০৩.২২-

তারিখ : .০৬.২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০৭ নারায়ণগঞ্জ-৪
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২০৮, নারায়ণগঞ্জ-৫
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৫। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর
০২। উপজেলা.......................................অফিসার, নারায়ণগঞ্জ সদর
০৩। চেয়ারম্যান.....................................ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর
০৪। জনাব.......................................................... নারায়ণগঞ্জ সদর
০৫। অফিস কপি

09.06.2022

(মোঃ রিফাত ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
নারায়ণগঞ্জ সদর

CamScanner

নারায়নগঞ্জ সদর উপজেলা পরিষদের জুন/22 মাসের উন্নয়ন ও সমন্বয় কমিটির সভা: তারিখ:-০৭/০৬/2022ইং

| ক্রম: | সদস্যদের নাম ও পদবী | কমিটিতে পদবী | মোবাইল | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | মাননীয় জাতীয় সংসদ সদস্য-২০৭ নারায়নগঞ্জ-০৪ | উপদেষ্টা | | | |
| ০২ | মাননীয় জাতীয় সংসদ সদস্য-২০৮ নারায়নগঞ্জ-০৫ | উপদেষ্টা | | | |
| ০৩ | আবুল কালাম আজাদ বিশ্বাস চেয়ারম্যান উপজেলা পরিষদ না:গঞ্জ সদর | সভাপতি | | | |
| ০৪ | জনাব মো: রিফাত ফেরদৌস উপজেলা নির্বাহী অফিসার, না:গঞ্জ সদর | সদস্য | | | |
| ০৫ | মো: বাদিমউদ্দিন আহমেদ ভাইস চেয়ারম্যান, নারায়নগঞ্জ সদর | সদস্য | | | |
| ০৬ | ফাতেমা মনির ভাইস চেয়ারম্যান, নারায়নগঞ্জ সদর | সদস্য | | | |
| ০৭ | ডা: অনীক বিশ্বাস স্বাস্থ্য ও পরি: পরি: অফিসার, না:গঞ্জ সদর | সদস্য | | | |
| ০৮ | ডা: আজাদুর রহমান ভূঞা উপজেলা প্রাণীসম্পদ অফিসার, না: সদর | সদস্য | | | |
| ০৯ | মোসা: শাহরিয়ার আলম সিনিয়র উপজেলা মৎস্য অফি:, না:সদর | সদস্য | | | |
| ১০ | মাহমুদা ~~আক্তার~~ নাসরাত উপজেলা কৃষি অফিসার, না:গঞ্জ সদর | সদস্য | | | |

| ক্রঃ নং | সদস্যদের নাম ও পদবী | কমিটিতে পদবী | মোবাইল | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১১ | মামুনুর রশিদ<br>উপজেলা প্রকৌশলী বাঃগঞ্জ সদর | সদস্য | | | |
| ১২ | প্রদীপ চন্দ্র রায়<br>উপজেলা প্রাঃ অফিসার নাঃগঞ্জ সদর | সদস্য | | | |
| ১৩ | আনোয়ার হোসেন<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, সদর | সদস্য | | | |
| ১৪ | মোসাঃ জাহানারা খানম<br>উপজেলা শিক্ষা অফিসার, নাঃগঞ্জ সদর | সদস্য | | | |
| ১৫ | এম. এম. আবু তাহের<br>মাধ্যমিক শিক্ষা অফিসার, নাঃ সদর | সদস্য | | | |
| ১৬ | ফেরদৌসী বেগম<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নাঃগঞ্জ সদর | সদস্য | | | |
| ১৭ | আলমগীর আজাদ ভূঁইয়া<br>উপজেলা সমবায় অফিসার, নাঃগঞ্জ সদর | সদস্য | | | |
| ১৮ | অসীম কুমার বাড়ৈ<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নাঃ সদর | সদস্য | | | |
| ১৯ | মাহে আলম<br>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল | সদস্য | | | |
| ২০ | মোয়াজ্জেম সরকার<br>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | সদস্য | | | |

| ক্র: নং | সদস্যদের নাম ও পদবী | কমিটিতে পদবী | মোবাইল | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ২১ | আমাতোজ্জা আক্তার<br>উপজেলা নির্বাচন অফিসার, না:গঞ্জ সদর | সদস্য | | | [signature] |
| ২২ | আঞ্জুমান আরা<br>প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য | | | [signature] |
| ২৩ | আলহাজ্ব সাইফুল্লা বাদল<br>চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | | | [signature] |
| ২৪ | মো: শওকত আলী<br>চেয়ারম্যান, বক্তাবলী ইউনিয়ন পরিষদ | সদস্য | | | [signature] |
| ২৫ | আলহাজ্ব আসাদুজ্জামান<br>চেয়ারম্যান, এনায়েতনগর ইউনিয়ন পরিষদ | সদস্য | | | [signature] |
| ২৬ | মনিরুল আলম সেন্টু<br>চেয়ারম্যান কুতুবপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | | | [signature] |
| ২৭ | খন্দকার লুৎফর রহমান স্বপন<br>চেয়ারম্যান ফতুল্লা ইউনিয়ন পরিষদ | সদস্য | | | [signature] |
| ২৮ | আলহাজ্ব জাকির হোসেন<br>চেয়ারম্যান আলীরটেক ইউনিয়ন পরিষদ | সদস্য | | | [signature] |
| ২৯ | আলহাজ্ব ফজর আলী<br>চেয়ারম্যান, গোগনগর ইউনিয়ন পরি: | সদস্য | | | [signature] |